# 38th BCS

**(Note 1-10 এর নিয়ম অনুসরণ করেই অনুবাদগুলো করবে)**

1) সংস্কৃতি হলো জীবনের ও পরিবেশের উৎকর্ষসাধনের ও উন্নতিবিধানের এবং ইচ্ছানুযায়ী ইতিহাসের গতি নির্ধারণের চিন্তা ও চেষ্টা।

**Teacher:**

2) জীবন ও পরিবেশ অবিচ্ছেদ্য সম্পর্কে যুক্ত।

**Self:**

**Teacher:**

3) জীবন পরিবেশ থেকেই উদ্ভূত এবং পরিবেশের সাথে সংলগ্ন ও পরিবেশের উপর নির্ভরশীল।

4) এ দুইয়ের একটির উন্নতি অন্যটির উন্নতির উপর নির্ভরশীল।

5) উন্নতি আপনিতেই ঘটে না, সাধন করতে হয়।

6) উন্নতির প্রক্রিয়ায় মানুষই কর্তা।

7) একমাত্র মানুষেরই সংস্কৃতি আছে, অন্য প্রাণীর নেই।

8) মানুষ সেই জৈবিক সামর্থ্যের অধিকারী যার বলে সে ব্যক্তিগত ও যৌথ প্রয়াসে সংস্কৃতির পরিচয় দিতে পারে।

9) বিবর্তনের যে পর্যায়ে এসে মানুষ সংস্কৃতি সৃষ্টি করতে সক্ষম হয়েছে তার পূর্ব পর্যন্ত অন্য প্রাণীর সঙ্গে মানুষের পার্থক্য ছিল না।

10) জীবনযাত্রার মধ্য দিয়ে মানুষের নিজেকে এবং নিজের সঙ্গে পরিবেশকে সুন্দর সমৃদ্ধ ও উন্নত করার যে প্রবণতা, চিন্তা ও চেষ্টা লক্ষ্য করা যায়, তারই মধ্যে নিহিত থাকে তার সংস্কৃতি।

11) ব্যক্তির জীবনে যেমন, সমষ্টির জীবনেও তেমনি সংস্কৃতিচেতনা ও সংস্কৃতি আছে।

12) দর্শন, বিজ্ঞান ও শিল্পকলা সৃষ্টির মধ্য দিয়ে, উন্নতিশীল রাষ্ট্রব্যবস্থা, সমাজব্যবস্থা ও জীবনপদ্ধতি প্রবর্তনের মধ্য দিয়ে মানুষ তার সাংস্কৃতিক সামর্থ্যের পরাকাষ্ঠা প্রদর্শন করে থাকে।

13) সংস্কৃতির মর্মে আছে উন্নত হওয়ার এবং উন্নত করার এবং সমৃদ্ধ করার প্রবণতা, ইচ্ছা, আকাঙ্ক্ষা ও চেষ্টা।

14) সংস্কৃতির সঙ্গে সম্পর্ক আছে রুচি, পছন্দ, সমাজবোধ, আহার্য, ব্যবহার্য, পরিপার্শব, বিচারক্ষমতা, গ্রহণ-বর্জন ও প্রয়াস-প্রচেষ্টার।

# 40th BCS

**(Note 1-10 এর নিয়ম অনুসরণ করেই অনুবাদগুলো করবে)**

1) মানুষের জীবন কতগুলো ঘটনার সংকলন। তবে সব ঘটনাই স্মরণীয় হয় না।
**Self:**
**Teacher:**

2) যে ঘটনা স্মৃতির পাতায় সোনার অক্ষরে লেখা হয়ে যায় তা-ই স্মরণীয়।
**Self:**
**Teacher:**

3) বাংলাদেশের মানুষের সবচেয়ে গৌরবময় ও স্মরণীয় ঘটনা এদেশের মুক্তিযুদ্ধ।

4) এই যুদ্ধের মধ্য দিয়ে আমরা লাভ করেছি স্বাধীন দেশ, নিজস্ব পতাকা।

5) ১৯৭১ সালের ২৬ মার্চ বাংলার ছাত্র-যুবক, কৃষক-শ্রমিকসহ সর্বস্তরের জনগণ বর্বর পাকিস্তানি হানাদার বাহিনীর বিরুদ্ধে সশস্ত্র যুদ্ধে ঝাঁপিয়ে পড়ে।

6) তারই পরিণতিতে ১৯৭১ সালের ১৬ ডিসেম্বর জাতি অর্জন করে চূড়ান্ত বিজয়।

7) বিশ্বের মানচিত্রে দেদীপ্যমান হয় একটি রাষ্ট্র যার নাম স্বাধীন সার্বভৌম বাংলাদেশ।

8) বাংলাদেশের মুক্তিযুদ্ধভিত্তিক প্রথম জাদুঘর "মুক্তিযুদ্ধ জাদুঘর"।

9) এই জাদুঘর তরুণ প্রজন্মের কাছে পৌঁছে দিচ্ছে আমাদের স্বাধীনতা সংগ্রামের গৌরবময় ইতিহাস।

10) মুক্তিযুদ্ধের মূল্যবোধ ও ইতিহাস কে ভিত্তি করে সাজানো হয়েছে জাদুঘরের গ্যালারিগুলো।

11) প্রতিটি গ্যালারি সুনির্দিষ্টভাবে ধারণ করছে মুক্তিযুদ্ধের স্মৃতিবাহী নানান স্মারক।

12) মুক্তিযুদ্ধ জাদুঘরের কার্যক্রমের অংশ হিসেবে একটি গাড়িকে ভ্রাম্যমাণ জাদুঘরের রূপ দেয়া হয়েছে।

13) এভাবে প্রজন্ম থেকে প্রজন্মান্তরে অমর হয়ে থাকবে এ-দেশের মুক্তিযুদ্ধের গৌরবগাথা।

# 38th BCS (Sample Solution)

১. সংস্কৃতি হলো জীবনের ও পরিবেশের উৎকর্ষ সাধনের ও উন্নতিবিধানের এবং ইচ্ছা অনুযায়ী ইতিহাসের গতি নির্ধারণের চিন্তা ও চেষ্টা। *(Note-3/9 অনুযায়ী)*

**Culture** **is** the thought and effort/attempt to control/ determine/ define the motion of history according to one's will and to advance/ flourish and *to (উহ্য)* improve life and environment.

২.**জীবন ও পরিবেশ** অবিচ্ছেদ্য সম্পর্কে যুক্ত।

**Life and environment are** inter-related/ inter-linked. ***(Note-3)***

৩. জীবন পরিবেশ থেকে উদ্ভূত এবং পরিবেশের সঙ্গে সংলগ্ন ও পরিবেশের উপর নির্ভরশীল।

**Life is originated/creared** from environment. It is also attached with environment (উহ্য) and dependent on environment.

৪.**এ দুইয়ের একটির উন্নতি** অন্যটির উন্নতির উপর **নির্ভরশীল**।

**The improvement of one of these two depends on** the improvement of the other.

৫.**উন্নতি** আপনিতেই ঘটে না, সাধন করতে হয়।

**Development** does not happen automatically; it is to be achieved/ attained.

৬.উন্নতির প্রক্রিয়ায় **মানুষই কর্তা**। →

**It is man who is the master** of the development process.

> I am responsible- আমি দায়ী;
> It is I who am responsible- আমি**ই** দায়ী।

৭.একমাত্র মানুষের**ই** সংস্কৃতি **আছে**, অন্য প্রাণীর নেই।

Only man **does have** a culture; no other animals have.

৮. **মানুষ** সেই জৈবিক সামর্থের অধিকারী / *যার বলে* **সে** ব্যক্তিগত ও যৌথ প্রয়াসে সংস্কৃতির পরিচয় দিতে পারে। ***(Note-1/2)***

**Man** is the owner of that biological ability ***by which*** **he** can give his cultural identity by individual and collective efforts.

৯. বিবর্তনের যে পর্যায়ে এসে মানুষ সংস্কৃতি সৃষ্টি করতে সক্ষম হয়েছে তার *পূর্ব পর্যন্ত* অন্য প্রাণীর সঙ্গে মানুষের পার্থক্য ছিল না। ***(Note-1/6)***

There **was** no difference between man and other animals ***until*** he **was able to create** culture at a certain stage of evolution.

**Or,**

Before creating culture at a certain stage of evolution, there was no difference between man and animals. ***(Note-6)***

১০. জীবন যাত্রার মধ্য দিয়ে মানুষের নিজেকে এবং নিজের সঙ্গে পরিবেশকে সুন্দর, সমৃদ্ধ ও উন্নত করার যে প্রবণতা, চিন্তা ও চেষ্টা লক্ষ্য করা যায়, তারই মধ্যে *(অনুবাদ করার সময় এই আন্ডারলাইনড অংশটুকু বাদ দেয়া যাবে)* **নিহিত থাকে তার সংস্কৃতি**।

**Man's culture lies/is rooted** in his attempt, thought and tendency to develop, enrich and beautify the environment with man himself through the journey of life. ***(Note-9 অনুযায়ী)***

১১. ব্যক্তি জীবনের যেমন সমষ্টির জীবনেও তেমনি সংস্কৃতি চেতনা ও সংস্কৃতি আছে।

There **is** culture and cultural sense in the life of individual *as well as* in the life of community. ***(Note-1/6 অনুযায়ী)***

১২. দর্শন, বিজ্ঞান ও শিল্পকলার সৃষ্টির মধ্য দিয়ে উন্নতিশীল রাষ্ট্র ব্যবস্থা, সমাজব্যবস্থা ও জীবন পদ্ধতি প্রবর্তনের মধ্য দিয়ে **মানুষ** তার সাংস্কৃতিক সামর্থের পরাকাষ্ঠা **প্রদর্শন করে থাকে**। ***(Note-2/4 অনুযায়ী)***

Through the creation of art, science and philosophy, **man shows** his utmost cultural excellence/ ability by/through introducing progressive state system, social system and way of life. ***(নোট ২ এর বক্তব্য অনুযায়ী Adverbial-গুলো বাক্যের আগে-পরে সুবিধামত স্থানে বসানো যেতে পারে। তবে মনে রাখতে হবে, কোনো Adverbial phrase/ Participle phrase/ Adverbial Clause বাক্যের শুরুতে বসালে কমা বসাতে হয়।)***

১৩. **সংস্কৃতির মর্মে আছে ()** উন্নত হওয়ার ও উন্নত করার এবং সমৃদ্ধ হওয়ার ও সমৃদ্ধ করার প্রবণতা, ইচ্ছা, আকাঙ্ক্ষা ও চেষ্টা। ***(Note-9 অনুযায়ী)***

The root of culture **lies** in (is) the effort, desire, will and tendency to enrich and to be enriched, and to develop and to be developed.

১৪. **সংস্কৃতির** সঙ্গে সম্পর্ক আছে রুচি, পছন্দ, সমাজবোধ, আহার্য, ব্যবহার্য, পরিপার্শ্ব, বিচারক্ষমতা, গ্রহণ-বর্জন ও প্রয়াস-প্রচেষ্টার।

**Culture** has a relationship (or, Culture is linked) with tastes, choice, social sense, food, usability, surroundings, judicial ability, acceptation-rejection, desire and effort.

# 40th BCS (Sample Solution)

১. **মানুষের জীবন** কতগুলো ঘটনার সংকলন। তবে সব ঘটনাই স্মরণীয় হয় না।
**Human life** **is** a collection of various events, but all of the events **do not become** memorable. ***(Note-1/3 অনুযায়ী)***
Or,
**Human life/ Man's life** **is** a collection of various events, but not all the events **become/are** memorable.

২. যে ঘটনা স্মৃতির পাতায় সোনার অক্ষরে লেখা হয়ে যায় তা ই স্মরণীয়।
**The event** which is written in the golden letters on the pages of memory **becomes/is** memorable. ***(Note-10 অনুযায়ী)***

৩. **বাংলাদেশের মানুষের সবচেয়ে গৌরবময় ও স্মরনীয় ঘটনা** এ দেশের মুক্তিযুদ্ধ।
The most glorious and memorable event of the people of Bangladesh **is** The Liberation War of this country.

৪. এ যুদ্ধের মধ্য দিয়ে **আমরা লাভ করেছি** স্বাধীন দেশ, নিজস্ব পতাকা।
Through this war, **we** **have achieved/gained** an independent country and our own flag.

৫. ১৯৭১ সালের ২৬ মার্চ **বাংলার ছাত্র যুবক, কৃষক শ্রমিকসহ সর্বস্তরের জনগণ** বর্বর পাকিস্তানি হানাদার বাহিনীর বিরুদ্ধে সশস্ত্র যুদ্ধে **ঝাঁপিয়ে পড়ে**। ***(Note-2)***
On March 26, 1971, **people from all walks of life/all classes of people** including student, youths, farmers and workers of Bengal **plunged into/ jumpd into/ participated in** an armed war against the brutal Pakistani invaders/ invaders.

৬. তারই পরিণতিতে ১৯৭১ সালের ১৬ই ডিসেম্বর **জাতি** অর্জন করে চূড়ান্ত বিজয়।
As a result, **the Nation** **achieved** its final victory on December 16, 1971. ***(Note-2 অনুযায়ী)***

৭. বিশ্বের মানচিত্রে দেদীপ্যমান হয় **একটি রাষ্ট্র** যার নাম স্বাধীন সার্বভৌম বাংলাদেশ। ***(Note-10 অনুযায়ী)***

**A country** whose name is an Independent Sovereign Bangladesh **becomes visible/ has emerged** on the world map.

৮.বাংলাদেশের মুক্তিযুদ্ধ ভিত্তিক প্রথম জাদুঘর **মুক্তিযুদ্ধ জাদুঘর।**

**The Liberation War Museum** **is** the first museum based on Liberation War of Bangladesh.

৯. **এই জাদুঘর** তরুণ প্রজন্মের কাছে **পৌঁছে দিচ্ছে** আমাদের স্বাধীনতা সংগ্রামের গৌরবময় ইতিহাস।

**This museum** **is presenting/showing** the glorious history of our Liberation War to the young generation.

১০ মুক্তিযুদ্ধের মূল্যবোধ ও ইতিহাসকে ভিত্তি করে **সাজানো হয়েছে** **জাদুঘরের গ্যালারিগুলো।**

**The galleries of the museum** **have been decorated** based on the values and history of the Liberation War. ***(Note-8 অনুযায়ী)***

১১. **প্রতিটি গ্যালারি** সুনির্দিষ্টভেব ধারণ করছে মুক্তিযুদ্ধের স্মৃতিবাহি নানান স্মারক।

**Each gallery** specifically **contains/is containing** various symbol bearing/that bears the memories of the Liberation War.

১২. মুক্তিযুদ্ধ জাদুঘরের কার্যক্রমের অংশ হিসেবে **একটি গাড়িকে** ভ্রাম্যমাণ জাদুঘরের রূপ দেয়া হয়েছে।

As a part of the activities of Liberation War Museum, **a vehicle** **has been turned/ converted** into a mobile museum. ***(Note-8 অনুযায়ী)***

১৩. এভাবেই প্রজন্ম থেকে প্রজন্মান্তরে অমর **হয়ে থাকবে** **এ-দেশের মুক্তিযুদ্ধের গৌরবগাথা**। ***(Note-2/4 অনুযায়ী)***

Similarly/ In this way, **the glory of the Liberation War** of this country **will become** immortal from generation to generation.